

353992 - Lendo প্লাটফর্ম ও ডিজিটাল প্লাটফর্মের মত ঋণের মাধ্যমে অর্থাযনকারী প্লাটফর্মগুলোর সাথে লেনদেন করার হুকুম?

প্রশ্ন

ঋণের মাধ্যমে অর্থাযনকারী প্লাটফর্মগুলোর ব্যাপারে আমার জিজ্ঞাসা। এ গুলোর কোন কোনটি ইসলামী শরিয়ার বিধি-বিধানের সাথে সামঞ্জস্যপূর্ণ; যেমন- ডিজিটাল প্লাটফর্ম ও Lendo প্লাটফর্ম— বাহরাইনস্থ শরিয়া রিভিউ ডিপার্টমেন্ট (SRB)-এর রায়ের ভিত্তিতে। যে প্রতিষ্ঠানে ড. মুয়াইনী, শালহ্ব ও ক্বাররী প্রমুখ রয়েছেন। আমার প্রশ্ন হলো: শরিয়া রিভিউ ডিপার্টমেন্ট (SRB) কি শরয়ি দৃষ্টিভঙ্গির আলোকে নির্ভরযোগ্য; নাকি নির্ভরযোগ্য নয়?

প্রিয় উত্তর

Lendo প্লাটফর্মের ওয়েবসাইট ঘুরে আমরা তাদের লেনদেনের ব্যাপারে বিস্তারিত কিছু পাইনি। কিন্তু সেখানে যা উল্লেখ করা হয়েছে সেটার ব্যাপারে দুটো বিষয় আপত্তিকর:

১। প্লাটফর্ম অর্থাযনপ্রার্থী কোম্পানির কাছ থেকে ভাউচারটি ক্রয় করে নেয়। এ ব্যাপারে ওয়েবসাইটে বিস্তারিত কিছু বলা নাই। ঋণ ক্রয় করার মূল বিধান হারাম।

২। প্লাটফর্ম বিনিয়োগকারীর এজেন্ট (প্রতিনিধি) হিসেবে পণ্য ক্রয় করে। এরপর ঋণপ্রার্থী কোম্পানির কাছে বাকীতে বিক্রি করে। তারপর সেটা কোম্পানির প্রতিনিধি হয়ে অন্য ব্যবসায়ীর কাছে বিক্রি করে; যাতে করে কোম্পানি নগদ অর্থ পেতে পারে।

এটি পরিকল্পিত হারাম তাওয়াররুক। এটি হারাম হওয়ার ব্যাপারে আন্তর্জাতিক ফিকাহ একাডেমী এবং রাবেতা আলমে ইসলামীর অধিভুক্ত ফিকাহ একাডেমীর সিদ্ধান্ত রয়েছে।

এই এজমালি আলোচনার পরেও **Lendo** প্লাটফর্ম ও ডিজিটাল প্লাটফর্মের ব্যাপারে কোন সিদ্ধান্ত দেয়া আমাদের পক্ষে সম্ভবপর নয়।

আর শরিয়া রিভিউ ডিপার্টমেন্ট (SRB)-এর নিয়ম-নীতি আমরা পাইনি। এটি সুবিদিত যে, কোন কোন শরয়ি প্রতিষ্ঠান কিছু কিছু বিষয়কে জায়েয বলেন এবং অন্য কিছু প্রতিষ্ঠান সে বিষয়গুলোকে হারাম বলেন; যেমন- পরিকল্পিত তাওয়াররুক, মিক্সড শেয়ার, বিলম্ব ফি-এর শর্তারোপ, ঋণের পরিবর্তন ইত্যাদি।

আপনি যদি ঋণের মাধ্যমে অর্থাযনকারী প্লাটফর্মগুলো কর্তৃক সম্পাদিত লেনদেনের হুকুম জানতে চান তাহলে আমাদেরকে তাদের লেনদেনগুলোর ব্যাপারে বিস্তারিত জানান।

জায়েয রূপগুলোর মধ্যে রয়েছে প্ল্যাটফর্ম কোন পণ্য অর্থায়নপ্রার্থী কোম্পানির কাছে বাকীতে বিক্রি করা; এরপর সে কোম্পানি নগদ অর্থ পাওয়ার জন্য সে পণ্য নিজে বিক্রি করা। এই তাওয়াররুক জায়েয।

কিংবা কোম্পানি পণ্য না কিনে অর্থায়ন পাওয়ার উদ্দেশ্যে ভাউচার প্ল্যাটফর্মের কাছে নিয়ে আসা; প্ল্যাটফর্মের সাথে মুরাবাহা চুক্তি করা। তখন প্ল্যাটফর্ম পণ্যটি সহিহভাবে নিজের জন্য খরিদ করবে; এরপর কিস্তিতে কোম্পানির কাছে বিক্রি করবে।

আল্লাহই সর্বজ্ঞ।